দৈনিক সংবাদ

তারিখ 04-NOV-1998
পৃষ্ঠা: ১২ কলাম: ৭

ইসলামী বিশ্ববিদ্যালয়

# উপাচার্যের কার্যালয় ঘেরাও করতে পারেনি শিবির ।। আজ ডিসি অফিস ঘেরাও

ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে সংবাদদাতা ঃ গত ৩১শে অক্টোবর ইসলামী বিশ্ববিদ্যালয়ে সংঘটিত সহিংস ঘটনায় নিহত দুই শিবিরকর্মীর হত্যাকারীদের গ্রেফতারের দাবিতে শিবিরের ৬ দিনব্যাপী কর্মসূচির দ্বিতীয় দিনে মঙ্গলবারও উপাচার্যের কার্যালয় ঘেরাও কর্মসূচি সফল হয়নি। বুধবার শিবির কুষ্টিয়া ও ঝিনাইদহে ডিসি অফিস ঘেরাও কর্মসূচির ঘোষণা দিয়েছে।

মঙ্গলবার সকাল ১০টা থেকে শিবির ও জামাতকর্মীরা বিশ্ববিদ্যালয় পার্শ্ববর্তী শেখপাড়া বাজারে অবস্থান নেয়। সকাল ১১টায় জামাত-শিবিরের সশস্ত্র কর্মীরা মিছিল নিয়ে ক্যাম্পাসে প্রবেশ করতে গেলে পুলিশ বাধা দেয়। পুলিশের বাধার মুখে শিবিরকর্মীরা ক্যাম্পাসে প্রবেশ করতে না পেরে বিশ্ববিদ্যালয়ের মূল গেটে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে। সমাবেশশেষে তারা উপাচার্যের কাছে স্মারকলিপি পেশ করে। এ সময় ছাত্রলীগ কর্মীরা বাজার পার্শ্ববর্তী এলাকায় অবস্থান নিলে উত্তেজনা দেখা দেয়। শিবির নেতারা সমাবেশ থেকে আজ বুধবার কুষ্টিয়া ও ঝিনাইদহ ডিসি অফিস ঘেরাও কর্মসূচি ঘোষণা করে।

শিবিরের সমাবেশশেষে দুপুর ১২টায় ছাত্রলীগ বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে। সমাবেশে নেতৃবৃন্দ বঙ্গবন্ধু ও জাতীয় চার নেতার হত্যাকারীদের ফাঁসি ও শিবির কর্তৃক তাদের বিরুদ্ধে দায়েরকৃত মিথ্যা মামলা প্রত্যাহারের দাবি জানায়।

শিবির তাদের দুই কর্মী নিহত হওয়ার ঘটনায় কুষ্টিয়া থানায় পৃথক দুটি মামলা দায়ের করেছে।